

📘 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০১৯

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০২, হায়িয় (অতিক্রান্ত) হলে মহিলারা সিয়াম কাযা আদায় করবে কিন্তু সালাতের কাযা আদায় করবে না

بَابٌ فِي الْحَائِضِ تَقْضِي الصَّوْمَ وَلَا تَقْضِي الصَّلَاةَ

আরবী

أَخْبَرَنَا يَعْلَى عَنْ مُحَمَّدِ بْنِ عَوْنِ عَنْ أَبِي غَالِبِ عَجْلَانَ قَالَ سَأَلْتُ ابْنَ عَبَّاسِ عَنْ النُّفَسَاءِ وَالْحَائِضِ هَلْ تَقْضِيَانِ الصَّلَاةَ إِذَا تَطَهَّرْنَ قَالَ هُوَ ذَا أَزْوَاجُ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَوْ فَعَلْنَ ذَلِكَ أَمَرْنَا نِسَاءَنَا بِذَلِكَ

اسناده حيد

বাংলা

১০১৯. আবু গালিব 'ইজলান বলেন, আমি ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমাকে এ বিষয়ে প্রশ্ন করেছিলাম যে, হায়িয় ও নিফাসগ্রস্ত মহিলারা কি পবিত্রতা লাভ করার পর (হায়েযকালীন পরিত্যক্ত) সালাতের কাযা করবে? তিনি বললেন: 'এটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীগণেরও হতো; যদি তারা একাজ (সালাতের কাযা) করতেন, তবে আমরাও আমাদের স্ত্রীদেরকে এর নির্দেশ দিতাম।[1] (যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর স্ত্রীদেরকে হায়েযকালীন সালাতের কাযা আদায় করতে আদেশ করেননি, তাই আমরাও আমাদের স্ত্রীদেরকে এর কাযা আদায় করতে বলিনা।)

ফটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ জাইয়্যেদ।

তাখরীজ: আমি এটি এখানে ব্যতীত অন্য কোথাও পাইনি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু গালিব 'ইজলান (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন